# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

### সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** লন্ডন প্রবাসী জেফরি বাংলা ভাষায় কথা বলতে স্বস্তিবোধ করে না বলে সে ইংরেজী ভাষা ব্যবহার করে। তার মা তাকে অনেক বুঝানোর চেষ্টা করে। বাংলা ভাষাকে রাষ্ট্রীয় ভাষা করতে গিয়ে এদেশের মানুষদের জীবনদান, তাদের সংগ্রাম গল্পের মত করে তাকে শোনায়। এসব শুনে জেফরি অবাক হয়। কিন্তু বাংলা ভাষা তার কাছে দুর্বোধ্যই থেকে যায়।

ক. ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয় কত সালে? ১
খ. মৌলিক গণতন্ত্র বলতে কী বোঝায়? ২
গ. জেফরির মায়ের বক্তব্য কোন ঘটনার ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জেফরির চিন্তা চেতনা বাঙালি জাতীয়তাবাদ বিকাশের অন্তরায়'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ১। সৈয়দ নজরুল ইসলাম | ১। নতুন সংবিধান প্রণয়ন ও কার্যকর করা |
| ২। তাজউদ্দীন আহমেদ | ২। দ্বিতীয় বিপ্লব কর্মসূচী |
| ৩। ক্যাপ্টেন এম মনসুর আলী | ৩। পররাষ্ট্রনীতি |
| ৪। এ.এইচ. এম. কামরুজ্জামান স্বাধীনতা অর্জনে রাজনৈতিক ব্যক্তিদের অবদান। | ৪। আন্তর্জাতিক বিশ্বে বাংলাদেশের যুদ্ধ বিধ্বস্ত দেশ গঠন প্রক্রিয়ায় বঙ্গবন্ধু গৃহীত পদক্ষেপ। |

teachingbd.com

ক. বাংলাদেশের গণতন্ত্রের পুনর্যাত্রা শুরু হয় কত সালে? ১
খ. স্বাধীনতা অর্জনে গণতন্ত্রের ভূমিকা লেখ। ২
গ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদের অবদান লিখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বঙ্গবন্ধু গৃহীত পদক্ষেপগুলোই কি আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪


**৩.▶**



ক. কোন দেশের জলবায়ু 'ক্রান্তীয় মৌসুমী জলবায়ু' নামে পরিচিত? ১
খ. বাংলাদেশের ভূমিকম্পের কারণ ব্যাখ্যা কর। ২
গ. 'P' চিহ্নিত স্থানটি যে ভূ-প্রাকৃতিক অঞ্চলের অন্তর্ভুক্ত তার বিবরণ দাও। ৩
ঘ. 'Q' চিহ্নিত ভূ-প্রকৃতি বাংলাদেশকে ঘনবসতিপূর্ণ দেশে পরিণত করছে।- বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৪.▶




ক. পৃথিবী থেকে কোন গ্রহটি প্রতিদিনই দেখা যায়? ১
খ. প্রতিপাদ স্থান বলতে কী বোঝায়? ২
গ. পৃথিবীর 'A' চিহ্নিত স্থানের অবস্থান ব্যাখ্যা কর। ৩
ঘ. 'B' চিহ্নিত অবস্থানের কারণে বাংলাদেশে ঋতু পরিবর্তনে কী প্রভাব পড়বে? ৪

৫.▶ 'ব' রাষ্ট্র তার জনগণের সুবিধার্থে গঠন করেছে নিরাপত্তা বাহিনী, স্কুল-কলেজ, হাসপাতাল। নির্বাচনের মাধ্যমে গঠন করেছে আইনসভা, শাসন বিভাগ ও বিচার বিভাগ। কৃষিতে প্রদান করেছে ভর্তুকি, অন্যদিকে প্রণীত হয়েছে শিল্পনীতি।

ক. পৌরনীতি পাঠের মূল বিষয়বস্তু কী? ১
খ. আইনের বৈশিষ্ট্যগুলো লিখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রের কাজগুলো শ্রেণীকরণ করে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর একটি কল্যাণমূলক রাষ্ট্রের জন্য উক্ত কাজগুলোই যথেষ্ট? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ জনাব মামুন প্রায়ই তার বন্ধুদের নিয়ে দেশের বর্তমান পরিস্থিতি আলোচনা করে। একদিন তার মনে হয় এভাবে উদ্দেশ্যহীনভাবে আলোচনা না করে কতকগুলো সুনির্দিষ্ট সমস্যা চিহ্নিত করে ঐক্যবদ্ধভাবে বৈধ ও নিয়মমাফিক নির্বাচনের মাধ্যমে রাষ্ট্রের শাসনভার গ্রহণ করার উদ্দেশ্যে কাজ করতে হবে।

ক. নির্বাচকমন্ডলী কী? ১
খ. পরোক্ষ গণতন্ত্র কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব মামুন কী ধরনের সংগঠন প্রতিষ্ঠার প্রকাশ করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'গণতন্ত্র প্রতিষ্ঠায় উক্ত সংগঠনটির বিকল্প নেই'-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ বিশ্বশান্তি ও সহযোগিত বিধানের লক্ষ্যে জাতিসংঘ কাজ করে যাচ্ছে। এই সংস্থার বিভিন্ন পদক্ষেপের মধ্যে সিডও সনদ একটি গুরুত্বপূর্ণ সনদ। শান্তির পথে জাতিসংঘের এই ভুমিকার অংশীদার আমাদের দেশও।

ক. কোনটি ছাড়া মানুষ পূর্ণাঙ্গরূপে বিকশিত হতে পারে না? ১
খ. বাংলাদেশে UNHCR এর অবদান লিখ। ২
গ. নারী-পুরুষ সমতা রক্ষায় উদ্দীপকে উল্লিখিত সনদটির ভূমিকা ব্যাখ্যা কর।৩
ঘ. 'শান্তির পথে জাতিসংঘের এই ভূমিকার অংশীদার আমাদের দেশও'-পাঠ্য পুস্তকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৮.▶




ক. অর্থনীতির বিভিন্ন অংশ, বিভাগ বা শাখাকে কী বলে? ১
খ. প্রতিকূল বৈদেশিক বাণিজ্যের ধারণাটি লিখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আর্থ-সামাজিক প্রতিবন্ধকতাসমূহ যে কারণে সৃষ্ট তা ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিবন্ধকতাসমূহ নিরসণে গৃহীত মূল পদক্ষেপটি আলোচনা কর। ৪

৯.▶ ঝুমা তার খালাত বোন নুরিকে খুব পছন্দ করে। নুরির পোশাক, স্টাইল, পছন্দ-অপছন্দ দ্বারা সে দারুণভাবে প্রভাবিত। সমবয়সী চাচাত বোন মুনির সাথে চলে তার প্রতিযোগিতা। বিশেষ করে অন্যদের প্রশংসা পাওয়ার ক্ষেত্রে। তাছাড়া তারা উভয়েই বাবা মায়ের সাথে আত্মীয়-স্বজনের বাড়িতে বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানেও অংশগ্রহণ করে।

ক. মানুষের দলবদ্ধ জীবনযাপনে বিশ্বজনীন প্রতিষ্ঠান কোনটি? ১
খ. বর্তমানে পরিবারকে আয়ের একক বলা হয় কেন? ২
গ. ঝুমার সামাজিকীকরণে উদ্দীপকের কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উপাদানটির প্রভাব শহর ও গ্রামের মধ্যে কোথায় অধিকতর বেশি বলে তুমি মনে কর? তোমার বক্তব্যের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶



চিত্র- (১)



চিত্র- (২)

ক. 'মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন'-উক্তিটি কার? ১
খ. সামাজিক পরিবর্তনে কৃষি প্রযুক্তির ভূমিকা লিখ। ২
গ. উদ্দীপকের ১ নং চিত্রটিতে সামাজিক পরিবর্তনের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'শিক্ষার পাশাপাশি বিভিন্ন কর্মক্ষেত্রে নারীরা নিয়োজিত হচ্ছে'-২নং চিত্রের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১.▶ খবরের কাগজে প্রতিদিন ফতোয়া, এসিড নিক্ষেপ, যৌতুকের জন্য হত্যা, নারী ও শিশু পাচার-এ জাতীয় খবর দেখে রুনা আতঙ্কিত হয়। তবে একটু সান্তনা পায় এটা ভেবে যে সরকার এসব সমস্যা সমাধানে আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছে।

ক. জঙ্গির ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. জাতিসংঘ শিশু অধিকার সনদ বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত অপরাধগুলোর কারণ কী হতে পারে বলে তুমি মনে কর। ৩
ঘ. উক্ত সমস্যার সমাধানে সমাজের সদস্য হিসেবে তোমার ভূমিকা আলোচনা কর। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **সৌর জগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ কোনটি?**
ক) শনি খ) বৃহস্পতি
গ) মঙ্গল ঘ) ইউরেনাস

২. **বাঙালির জাতীয় মুক্তির প্রথম আন্দোলন কোনটি?**
ক) বঙ্গভঙ্গ খ) ভাষা আন্দোলন
গ) ৬ দফা ঘ) ৬৯ এর গণঅভ্যুত্থান

৩. **জর্জ হ্যারিসন কোথায় জন্মগ্রহণ করেন?**
ক) কলকাতা খ) নিউইয়র্ক
গ) লন্ডন ঘ) প্যারিস

৪. **৬০° থেকে ৯০° পর্যন্ত অক্ষাংশকে কী বলে?**
ক) উচ্চ অক্ষাংশ খ) নিম্ন অক্ষাংশ
গ) উচ্চ-মধ্য অক্ষাংশ ঘ) মধ্য অক্ষাংশ

৫. **রাষ্ট্রের সবচেয়ে সুন্দর ও পূর্ণাঙ্গ সংজ্ঞা কে প্রদান করেছেন?**
ক) এরিস্টটল খ) ম্যাকাইভার
গ) উইলসন ঘ) গার্নার

৬. **বাংলাদেশের জনগণের বার্ষিক প্রবৃদ্ধির হার ২% বৃদ্ধি পেলে জনগণের জীবনযাত্রা মান–**
i. বৃদ্ধি পাবে ii. স্থিতিশীল থাকবে
iii. নিম্নমুখী হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. **জনাব কাশেম নিজ প্রতিষ্ঠানে ১০ বছর যাবৎ জনগণের সমর্থন নিয়ে কাজ করে যাচ্ছেন। সকলে তাকে খুব শ্রদ্ধা করে। কাশেমের কাজের ব্যবস্থাপনাকে তুলনা করা যায়–**
ক) স্বৈরাচারতন্ত্র খ) একনায়কতন্ত্র
গ) রাজতন্ত্র ঘ) গণতন্ত্র

৮. **কোন দুটি গ্রহের মধ্যবর্তী দূরত্ব অপেক্ষাকৃত কম?**
ক) মঙ্গল-বৃহস্পতি খ) বৃহস্পতি-শনি
গ) শনি-ইউরেনাস ঘ) পৃথিবী-মঙ্গল

৯. **বুড়িগঙ্গা কোন নদীর শাখা নদী?**
ক) মাথাভাঙ্গা খ) করতোয়া
গ) যমুনার ঘ) ধলেশ্বরী

১০. **কোন অঞ্চলে সূর্য বছরের প্রায় সব সময় লম্বভাবে কিরণ দেয়?**
ক) ০° থেকে ৩০° খ) ৩০° থেকে ৪৫°
গ) ৪৫° থেকে ৬০° ঘ) ৬০° থেকে ৯০°

১১. **শিমুল, শিলা ও মনজু মিলে সাতক্ষীরা, খুলনা বাগেরহাট অঞ্চলে অবস্থিত বন অঞ্চল পরিদর্শনে যেয়ে শাল, গরান ও কেওড়া গাছ দেখতে পায়। শিমুল, শিলা ও মনজুরের দেখা বনের নাম কী?**
ক) চিরহরিৎ খ) শালবন
গ) ক্রান্তীয় পাতা ঝরা ঘ) সুন্দরবন

১২. **ভারতের মোট বৃষ্টিপাতের কত অংশ বর্ষাকালে হয়?**
ক) ১/৩ খ) ৩/৪
গ) ৪/৫ ঘ) ৯/১০

১৩. **উৎপাদনের ক্ষেত্রে ভূমির ব্যবহারের জন্য ভূমির মালিককে কী দিতে হয়?**
ক) খাজনা খ) মজুরি
গ) সুদ ঘ) মুনাফা

১৪. **দক্ষ শাসন ব্যবস্থা গড়ে তুলতে প্রয়োজন–**
i. ন্যায় বিচার প্রতিষ্ঠা
ii. মৌলিক অধিকার সংরক্ষণ
iii. কাজের জবাবদিহিতা নিশ্চিত করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. **পরিবার গঠনের পূর্বশর্ত কী?**
ক) রক্ত-সম্পর্ক খ) বিবাহ-বন্ধন
গ) মায়া-মমতা ঘ) দেখা-শুনা

১৬. **জাতিসংঘের কোন সংস্থা মেয়ে শিশুদের মৌলিক অধিকার আদায়ে কাজ করে?**
ক) UNIFEM খ) WHO
গ) UNICEF ঘ) FAO

১৭. **এইডস আক্রান্ত ব্যক্তির ওজন ২ মাসের মধ্যে শতকরা কত ভাগের বেশি কমে যায়?**
ক) ৬ খ) ১১
গ) ১৫ ঘ) ২০

১৮. **কোন স্থানীয় সরকারের সদস্য সংখ্যা নির্দিষ্ট?**
ক) সিটি কর্পোরেশন
খ) উপজেলা পরিষদ
গ) পৌরসভা
ঘ) জেলা পরিষদ

http://teachingbd.com

১৯. ১৯৭১ সালের কত তারিখে মুজিবনগর সরকার গঠন করা হয়?

ক) ৪ এপ্রিল　　খ) ১০ এপ্রিল
গ) ১৬ এপ্রিল　　ঘ) ২৫ এপ্রিল

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

দিপ্ত একটা ব্যাংকে হিসাব খোলার জন্য গেলে ব্যাংক কর্তৃপক্ষ তাকে এটিতে সাহায্য না করে জানান যে, এই ব্যাংক অন্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে।

২০. দিপ্ত ব্যাংক হিসাব খোলার জন্য কোন ব্যাংকে গিয়েছিল?

ক) গ্রামীণ ব্যাংক　　খ) বাংলাদেশ ব্যাংক
গ) ইসলামী ব্যাংক　　ঘ) কৃষি ব্যাংক

২১. দিপ্তর যাওয়া ব্যাংকটির কাজ হলো-

i. ঋণ নিয়ন্ত্রণ করা
ii. মুদ্রার প্রচলন
iii. বিনিময়ের মাধ্যম সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**

নির্বাচনের জন্য ৫ জনকে ভোট দিয়ে বাছাই করল। সেই ৫ জন একত্রে বসে একমত হয়ে একজনকে শ্রেণি ক্যাপ্টেন নির্বাচন করল।

২২. শিক্ষার্থীরা কোন প্রকারের নির্বাচনে অংশ নিয়েছিল?

ক) প্রত্যক্ষ　　খ) পরোক্ষ
গ) গণতান্ত্রিক　　ঘ) স্বৈরতান্ত্রিক

২৩. বাংলাদেশে এ ধরনের নির্বাচনের প্রতিফলন ঘটে-

i. রাষ্ট্রপতি নির্বাচনে
ii. সাধারণ নির্বাচন
iii. সংরক্ষিত মহিলা এমপি নির্বাচন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২৪. 'ক' স্থানের দ্রাঘিমা ৬০° পূর্ব এবং 'খ' স্থানের দ্রাঘিমা ৯০° পূর্ব হলে স্থান দুইটির স্থানীয় সময়ের পার্থক্য—

ক) ১　　খ) ২
গ) ৩　　ঘ) ৪

২৫. সাগর দেশের দক্ষিণ পূর্বাঞ্চলে বেড়াতে গিয়ে নদীর উপর একটি সুবিশাল বিদ্যুৎ কারখানা দেখতে পেল, এটি কোন নদীর উপর অবস্থিত?

ক) তিস্তা　　খ) মেঘনা
গ) কর্ণফুলী　　ঘ) মাতামুহুরী

২৬. পল্লবী তার মায়ের পদবী ব্যবহার করে তার মায়ের সম্পত্তি উত্তরাধিকারী সূত্রে পায়, তাদের পরিবারটি হল-

ক) মাতৃবাস পরিবার
খ) মাতৃসূত্রীয় পরিবার
গ) মাতৃতান্ত্রিক পরিবার
ঘ) মাতৃপ্রধান পরিবার

২৭. ২০১১-২০১২ অর্থবছরে মোট দেশজ উৎপাদনের খাতওয়ারি অবদান কোন ক্ষেত্রে সব চেয়ে বেশি?

ক) ব্যবসা　　খ) সেবা
গ) শিল্প　　ঘ) কৃষি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**

১৯৬৬ সালে পাকিস্তানের জনসংখ্যা ছিল ১০ কোটি। সত্তরের দশকের শেষ ভাগে সংখ্যাগরিষ্ঠ জনগণ সরকার বিরোধী আন্দোলনে অংশ নেয়।

২৮. ১৯৬৬ সালের বাঙালির সংখ্যা ছিল কত কোটি?

ক) ৩　　খ) ৪.৫
গ) ৫.৬　　ঘ) ৭.২

২৯. উদ্দীপকে নির্দেশিত আন্দোলন বাঙালিদের উদ্বুদ্ধ করবে-

i. জাতীয়বাদে
ii. অধিকার রক্ষায়
iii. রাজনৈতিক চেতনায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii　　খ) i ও iii
গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

৩০. 'The Modern State' গ্রন্থটি কার লেখা?

ক) আর, এম ম্যাকাইভার
খ) ই, এম হোয়াইট
গ) এরিস্টটল　　ঘ) গার্নার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd.com